

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৬.০০০৬.২৪(অংশ-১).১৮১৮


তারিখ: ৩ ভাদ্র ১৪৩২
১৮ আগস্ট ২০২৫

বিষয়: দৈনিকভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫-এর আওতায় অর্থবিভাগ কর্তৃক শ্রমিকের পুনঃনির্ধারিত মজুরির হারের পরিপত্র প্রেরণ।

সূত্র: নং: ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০, তারিখ: ২২ মে ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দৈনিকভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫-এর আওতায় অর্থবিভাগ কর্তৃক পুনঃনির্ধারিত মজুরির হার সংক্রান্ত সূত্রোক্ত পরিপত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে এক পাতা।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ (সকল);
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৬.০০০৬.২৪(অংশ-১).১৮১৮/১(৫)

তারিখ: ৩ ভাদ্র ১৪৩২
১৮ আগস্ট ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (স্বাক্ষরক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

পরিপত্র

বিষয়ঃ "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ।


সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত্ব প্রাপ্ত/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে প্রণীত "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী সরকার সাময়িক শ্রমিকের দৈনিক মজুরির হার নিম্নবর্ণিত শর্তে পুনঃনির্ধারণ করলঃ

ক্রঃ নং	দপ্তরের অবস্থান	বিদ্যমান		পুনঃনির্ধারিত	
		শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার (টাকা)	শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার (টাকা)
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয় শত)	দৈনিক ভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিক	৮০০/- (আট শত)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৭৫/- (পাঁচ শত পঁচাত্তর)		
২।	বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয় শত)		৭৫০/- (সাত শত পঞ্চাশ)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ)		
৩।	জেলা ও উপজেলা এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ)		
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫০০/- (পাঁচ শত)		

শর্তাবলিঃ

- "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী শ্রমিক নিয়োগজন, মজুরি প্রদান এবং উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতসহ অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;
- শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দকৃত বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে;
- উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;
- এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এই পরিপত্র ১ জুলাই, ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে জারীকৃত এতদবিষয়ক শ্রমিক মজুরি সংক্রান্ত আদেশ/পরিপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।


(ড. মোঃ ফেরদৌস আলম)
যুগ্মসচিব

ফোন: ০২-৯৫৪০২৯৯

ই-মেইল: afardous@finance.gov.bd

বিতরণ:

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
(তীর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তীকে পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- অফিস কপি।